# বাংলা ম্যাজিক

## সহজে শিখি বাংলা ব্যাকরণ


### রচনা ও সম্পাদনায়

মোঃ নাহিদ হাসান মুন্না
বি. এস. এস (স্নাতক), রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রতিষ্ঠাতা : Nahid24



### প্রকাশনায়

Nahid24 Publications
বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি সদস্য, নীলফামারী (রেজি নং : ১১২৪৬)



### রচনা সহযোগিতায়

জান্নাতি জিনিয়া
বি. এস. এস (স্নাতক), রাজশাহী বিশ্ববিদ্যালয়



### প্রকাশকাল

১ম সংস্করণ : জানুয়ারি, ২০২১
৪র্থ সংস্করণ : ২০২৪

### অন্যান্য তথ্য

গ্রন্থস্বত্ব : মোঃ নাহিদ হাসান মুন্না
'বাংলা ম্যাজিক' বইটির ISBN : **978-984-34-9843-4**


Copyright: CRL - 25846


উৎসর্গ : পরম শ্রদ্ধেয় বাবা ও মা কে; যারা আমার জীবনের শ্রেষ্ঠ সম্পদ।


প্রচ্ছদ ও অলংকার : নাহিদ হাসান
বর্ণবিন্যাস : নাহিদ হাসান ও জান্নাতি জিনিয়া
মূল্য : ১৮০.০০ টাকা (Fixed Price) **(Fixed Price -এ বই কিনুন)**



যে কোনো প্রয়োজনে ঃ
Website : www.nahid24.com
Facebook Page : Nahid24 Publications
Mobile: 01787943429, 01842754184
Youtube Channel : Nahid24

লেখকের লিখিত অনুমতি ব্যতিত এই বইয়ের কোনো অংশ পুনঃমুদ্রণ, ফটোকপি কিংবা অন্য কোনো উপায়ে প্রকাশ করা নিষিদ্ধ। কেউ কপি করলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

সাবধান! কপিরাইট আইন, ২০০০ অনুযায়ী - কোনো ব্যক্তি যদি বেআইনি ভাবে এই বইটির কোনো অংশ নকল, পুনঃমুদ্রণ, ফটোকপি কিংবা অন্য কোনো উপায়ে প্রকাশ বা কোনো ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যমে বিতরণ করে তাহলে সেই ব্যক্তির ৪ বৎসর কারাদণ্ড এবং ২ লক্ষ টাকা দণ্ডনীয় বা অর্থদণ্ড হবে।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Government of the People's Republic of Bangladesh

| Date of Publication | Date of Registration |
|---|---|
| 0 0 0 0 2 0 2 1 | 0 1 0 2 2 0 2 2 |
| Copyright Registration No. | Validity of Registration |
| CRL-25846 | Life + 60 years |

## বাংলাদেশ কপিরাইট অফিস

**Bangladesh Copyright Office**

## কপিরাইট রেজিস্ট্রেশন সনদ

**Certificate of Copyright Registration**

সৃজনশীল মেধা কর্মের শিরোনাম
**Title of Creative Intellectual Work**

বাংলা ম্যাজিক

সৃজনশীল কর্মের প্রণেতা (প্রণেতার ধরণ ও অনুপাত)
**Author of the Creative Work (Type of Author & Proportion)**

মোঃ নাহিদ হাসান মুন্না (রচয়িতা)

সৃজনশীল কর্মের স্বত্বাধিকারী (স্বত্বের অনুপাত)
**Owner of the Creative Work ( Proportion)**

মোঃ নাহিদ হাসান মুন্না

| স্বত্ব প্রাপ্তির মাধ্যম<br>**Mode of Ownership Gain** | সৃজনশীল কর্মের ক্ষেত্র<br>**Field of the Creative Work** |
|---|---|
| রচয়িতা | সাহিত্য কর্ম (শিক্ষা সহায়িকা) |

The Registrar of Copyrights, Bangladesh Copyright Office is honored to issue this Intellectual Property Right Certificate under the Bangladesh Copyright Act.

Registrar of Copyrights
www.copyrightoffice.gov.bd



সুপ্রিয় শিক্ষার্থীবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম

সর্বপ্রথম কৃতজ্ঞতা স্বীকার করছি পরম করুণাময় মহান আল্লাহ্ তাআলার নিকট। বর্তমান এই প্রতিযোগিতার যুগে নিজেকে এগিয়ে রাখতে হলে পাবলিক বিশ্ববিদ্যালয় চান্স পাওয়ার বিকল্প নেই। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া সোনার হরিণ পাওয়ার মতই কঠিন হয়ে গিয়েছে। এই কঠিন পথ সহজ করে দেওয়ার উদ্দেশ্যেই আমার এই বই লেখা। বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়ার জন্য প্রচুর পড়াশুনা করতে হয় এ কথা যেমন সত্যি, প্রচুর পড়াশুনা করেও অনেক ছাত্র-ছাত্রীদের চান্স হয় না এই কথাও তেমনি সত্যি। এর প্রধান কারণ হলো 'শিক্ষার্থীরা প্রচুর পড়াশুনা করলেও অপ্রয়োজনীয় পড়ালেখাই বেশি করে থাকে।' মনে রাখতে হবে এটি বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, এটি কোনো বিসিএস কিংবা Job পরীক্ষা নয়। তাই বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় ভালো করার জন্য শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় যতটুকু প্রয়োজন তাই নিয়ে আমি রচনা করেছি ম্যাজিক সিরিজের বইসমূহ।
এর মধ্যে এই বইটি **(বাংলা ম্যাজিক)** বাজারের অন্যান্য বইয়ের তুলনায় সাইজে অল্প হওয়ায় বইটির মাধ্যমে শিক্ষার্থীরা খুব সহজেই সিলেবাস শেষ করতে পারবে এবং পরীক্ষায় ভালো ফল লাভ করবে বলে আমি মনে করি। বইটিতে অপ্রয়োজনীয় কোনো টপিক দেওয়া হয়নি, তাই এই বইয়ের কোনো অংশ বাদ দিয়ে পড়া উচিত হবে না। **বাংলা ম্যাজিক** বইটিতে অনেক কঠিন বিষয়য়ের সহজ উপস্থাপন, বিশেষ করে ছন্দের মাধ্যমে কঠিন বিষয়সমূহ সহজে উপস্থাপন করা হয়েছে যা সকল শিক্ষার্থীকে সহজে মনে রাখতে সাহায্য করবে। এছাড়াও নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী বইটির সকল তথ্য আপডেট করা হয়েছে। নতুন বাংলা ব্যাকরণের পরিবর্তিত সকল বিষয় উপস্থাপন করা হয়েছে এবং সেই পরিবর্তনের ফলে বিগত বছরের প্রশ্নের উত্তরের যা যা পরিবর্তন হওয়া উচিত তা এই বইয়ে দেওয়া হয়েছে। আর যেহেতু ভর্তি পরীক্ষার বিষয়গুলো চাকুরীর পরীক্ষার সাথে অনেকটাই মিল রয়েছে, তাই এই বইটি আপনার Job পরীক্ষার প্রস্তুতি নিতেও অনেক বেশি সাহায্য করবে বলে আমি মনে করছি।

এ বইটি পড়ে শিক্ষার্থীরা উপকৃত হলে তবেই আমার পরিশ্রম ও প্রচেষ্টা সফল হবে বলে আমি মনে করি। যেহেতু একমাত্র আল-কুরআন ছাড়া কোন গ্রন্থই নির্ভুল নয়, আর মানুষ ও ভুলের ঊর্ধ্বে নয় তাই অনিচ্ছা সত্ত্বেও বইটিতে কোন ভুল-ত্রুটি থাকলে ক্ষমার দৃষ্টিতে দেখবেন।

মোঃ নাহিদ হাসান মুন্না
বি. এস. এস (স্নাতক), রাজশাহী বিশ্ববিদ্যালয়

Nahid Hasan Munna
@nahidwriter
Nahid Hasan Munna
@nahidwriter

+88 01787943429
+88 01842754184
nahid24publications@gmail.com
www.nahidhasanmunna.com

# Nahid24 Publications এর বইসমূহ দেশের যে যে লাইব্রেরিতে পাওয়া যায়

## পাইকারি দাম (প্রতিষ্ঠান বা কোনো লাইব্রেরির বই কিনতে চাইলে)

| | | |
|---|---|---|
| **Rokomari** | মতিঝিল, ঢাকা | ০১৭০৮১৬৬২৬১ |
| **প্রমিজ বুক** | বাংলাবাজার, ঢাকা | ০১৯৪৯-৪৯৬১০১ |
| **সুমন বুক ডিপো** | বাংলাবাজার, ঢাকা | ০১৯২৩৫৩৬২৯৪ |
| **Nahid24 Publications** | রাজশাহী | ০১৭৮৭৯৪৩৪২৯ |

## ঢাকা বিভাগ

| | | |
|---|---|---|
| ঢাকা (ফার্মগেট) | বুক হাউস | ০১৭১০৭০১৮২০ |
| ঢাকা (ফার্মগেট) | বুক হাউস.কম | ০১৫৮১২৭৫৪৫৬ |
| ঢাকা (নিলক্ষেত) | নাহার লাইব্রেরি | ০১৭১৮৬২২৯২৯ |
| ঢাকা (নিলক্ষেত) | জহির লাইব্রেরী | ০১৭৫৮৮৮৭১৬৮ |
| ঢাকা (নিলক্ষেত) | তাজ লাইব্রেরি | ০১৮২৯০১৩৯১০ |
| ঢাকা (নিলক্ষেত) | মামুন বুক হাউজ | ০১৯১৪৯৫০৪২০ |
| নারায়নগঞ্জ জেলা | মমতা লাইব্রেরি | ০১৮৪৯৪২২৮৮৮ |
| মুন্সিগঞ্জ | নলেজ লাইব্রেরি | ০১৯১৩১৪৪৯৩৭ |

## চট্টগ্রাম বিভাগ

| | | |
|---|---|---|
| চকবাজার, চট্টগ্রাম | নিউ বুক ল্যান্ড | ০১৮১৯০৬৫৭৭৭ |
| আন্দরকিল্লা, চট্টগ্রাম | প্রতিভা লাইব্রেরি | ০১৭১৬৫৮৮০৭৬ |
| কুমিল্লা (কান্দি:) | বই নিকেতন | ০১৭৪৮৮৪৬০৪৯ |
| কুমিল্লা (কান্দি:) | বিসমিল্লাহ লাইব্রেরি | ০১৬৮০৩৫৫১৯০ |
| কুমিল্লা (হোমনা) | সওদাগর লাইব্রেরি | ০১৯৫৬৭৪৮৪৭৬ |
| ফেনী | ফেনী লাইব্রেরি | ০১৮৩৯২৪৬৬৮৫ |
| নোয়াখালি | কবির বুক কর্ণার | ০১৮৩১৬৩২৭৯৯ |
| ব্রাহ্মণবাড়িয়া | মদিনা লাইব্রেরি | ০১৭৭৯৬৯৯৭৪৯ |
| লক্ষ্মীপুর | টাউন লাইব্রেরি | ০১৮৩৩৬৭৯৮৯৩ |
| লক্ষ্মীপুর | আল ফালাহ লাইব্রেরি | ০১৮৫৮৬৫৭৮৫১ |
| কক্সবাজার | রক্ষিত পুস্তকালয় | ০১৮১৮৯৩২৮৩৬ |
| চাঁদপুর | মাস্টার লাইব্রেরি | ০১৮১৬৫৪৪৯৩৬ |

## ময়মনসিংহ, বরিশাল ও সিলেট বিভাগ

| | | |
|---|---|---|
| ময়মনসিংহ | আকন্দ লাইব্রেরি | ০১৯১২-৭৭৩২৯৭ |
| ময়মনসিংহ | সংকলন লাইব্রেরি | ০১৮৩৭০৬৩১৯১ |
| ময়মনসিংহ | মুন লাইব্রেরি | ০১৭১১৭৮৮৭৬৪ |
| জামালপুর | পাক লাইব্রেরি | ০১৭১২০৮৫০৬৫ |
| সিলেট সদর | পপি লাইব্রেরি | ০১৭১১১২৪৪৭২ |
| নরসিংদী | ছাত্রবন্ধু লাইব্রেরি | ০১৯১১৪৪৫৫৭১ |

## রাজশাহী বিভাগ

| | | |
|---|---|---|
| রাজশাহী সদর | বই বিচিত্রা | ০১৭১৬২৭৬৭৭১ |
| রাজশাহী সদর | বই ঘর | ০১৯২৭৫৩২৭৩০ |
| রাজশাহী(বিনো:) | একাডেমিক বুক কর্ণার | ০১৭২৬৯৭৬১৭০ |
| রাবি ক্যাম্পাস | গিফট কর্ণার (পরিবহন মার্কেট) | ০১৭১৬৭২৬৩১৪ |
| পাবনা | রহমানিয়া লাইব্রেরি | ০১৬১৬৪৬৬৮৩৩ |
| পাবনা | বুক প্যালেস এন্ড স্টেশনারি | ০১৭২৫৩১৯৩৯৯ |
| বগুড়া | কাজল ব্রাদার্স | ০১৭১৫৫৪৬০৪৪ |
| সিরাজগঞ্জ | স্কলার লাইব্রেরি | ০১৫৫২৩০০৭০২ |
| সিরাজগঞ্জ | মনির লাইব্রেরি | ০১৭৪৭৫৬২৬৮৮ |

## রংপুর বিভাগ


| | | |
|---|---|---|
| রংপুর সদর | মাহফুজাহ পুস্তকালয় | ০১৭৫০০০৭১০০ |
| রংপুর সদর | মিন্টু লাইব্রেরি (কারমাইকেল) | ০১৭১৮১৬৯৯৯৬ |
| দিনাজপুর | গ্রীন লাইব্রেরি | ০১৭১৭৮১৭৯৭৩ |
| গাইবান্ধা | হিমু লাইব্রেরি | ০১৭৮৮৭৮৩৮৬০ |
| নীলফামারী | জ্ঞানাঙ্কুর লাইব্রেরি | ০১৬১২৮১৮৯৬০ |
| নীলফামারী | বইমেলা লাইব্রেরি | ০১৭৮৬৮৮২৭১৬ |

## খুলনা বিভাগ

| | | |
|---|---|---|
| খুলনা সদর | নূর লাইব্রেরি | ০১৯৮৬-৬৭৫২৬৮ |
| খুলনা সদর | পাঠক প্রিয় লাইব্রেরি | ০১৯১৪৫৪৬৮৯০ |
| খুলনা সদর | বুক সেন্টার | ০১৭৫৭৫৬৬২৮৫ |
| যশোর সদর | ফেমাস লাইব্রেরি | ০১৭১০১০১৯৯৯ |
| যশোর সদর | বই জগৎ | ০১৭২৪৭০৮৭৫০ |
| সাতক্ষীরা জেলা | বই মেলা লাইব্রেরি | ০১৭১১৯৬০৬২০ |
| ঝিনাইদহ | কোহিনুর লাইব্রেরি | ০১৭১২১৮০২৭৪ |
| নড়াইল | নড়াইল লাইব্রেরি | ০১৯৩৫৬৫৫১৬৯ |

# Nahid24 Publications এর সকল বইসমূহ

## এইচ. এস. সি. পরিক্ষার জন্য সেরা বইসমূহ




## বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য সেরা বইসমূহ




**উপরের বইগুলো ঘরে বসে পাবেন নিচের যেকোনো একটি ই-কমার্স ওয়েবসাইটের মাধ্যমে**

| | | |
|---|---|---|
| Nahid24 (Our Website) | nahid24.com | 01787943429 |
| Rokomari | rokomari.com | 16297 |
| Wafilife | Wafilife.com | 0179992-5050 |
| Boibazar | Boibazar.com | 16705 |

## এইচ. এস. সি বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি
## চাকরি প্রস্তুতি



বাংলা (১ম + ২য়) | ইংরেজি (১ম + ২য়)
সাধারণ জ্ঞান | আইসিটি

Nahid24
Nahid Hasan Munna

### বইটির কোনো টপিক না বুঝলে কী করব?

- টপিকের নাম + Nahid24 লিখে ইউটিউবে Search করতে পারেন। যেমন - বিদ্রোহী Nahid24
- Nahid24 লিখে ইউটিউবে Search করে যে চ্যানেলটি পাবেন তার মধ্যে দেখবেন HSC Bangla 1st Paper নামে একটি playlist রয়েছে। সেখানে ক্লিক করে ভিডিওগুলো পর্যায়ক্রমে দেখুন।
- Nahid Hasan Munna ইউটিউব চ্যানেল।

### আমার স্বপ্ন

আমি চাই কোনো শিক্ষার্থী যেন বলতে না পারে যে 'আমি অর্থনৈতিক সমস্যার কারণে প্রাইভেট/কোচিং করতে পারছি না!' তাই আমি ইউটিউব চ্যানেল Nahid24 ও Nahid Hasan Munna - এ নিয়মিত ক্লাস আপলোড করে যাচ্ছি। আমি স্বপ্ন দেখি এক সময় ছাত্র ছাত্রীরা নিজেরাই কোচিং/প্রাইভেট বর্জন করে শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত যাওয়া আসা করবে এবং কোনো সমস্যার সমাধান ঘরে বসে অনলাইনেই পেয়ে যাবে।

### বই কিনতে কৃপণতা নয়

যুদ্ধ করতে যেমন অস্ত্রের প্রয়োজন; তেমনি পরীক্ষায় ভালো ফল লাভ করতে নিয়মিত বই পড়া প্রয়োজন। বই কিনতে কৃপনতা করবেন না। আমরা রেস্টুরেন্টে ৫০০ টাকা অনায়াসে বিল দেই; কিন্তু একটা বই কিনতে এসে কৃপনতা করি। এ জাতির উন্নতি হবে কীভাবে?

### Youtube আপনার সেরা শিক্ষক

আপনার যদি কোনো বিষয়ে জানার আগ্রহ থেকে থাকে তাহলে সেই বিষয়টি ইউটিউবে search করুন। এটা খুবই ভালো একটি অভ্যাস। ৯০% ক্ষেত্রে আপনার জানার তৃষ্ণা ইউটিউবের মাধ্যমেই পরিপূর্ণ হয়ে যাবে। মনে রাখবেন ইউটিউব আপনার সেরা শিক্ষক।

### প্রশ্ন করুন

আপনার যদি আমাদের বই পড়ে এবং ভিডিও ক্লাস দেখেও কোনো সমস্যার সমাধান না পেয়ে থাকেন তাহলে আমাকে ফেসবুকে ম্যাসেজ করতে পারেন। ফেসবুক পেজ ১. Nahid24 ২. Nahid Hasan Munna

+88 01787943429
+88 01842754184
nahid24publications@gmail.com
www.nahidhasanmunna.com

# বাংলা ম্যাজিক

## সহজে শিখি বাংলা ব্যাকরণ

### সূচিপত্র


| No. | ব্যাকরণ অংশ (২য় পত্র) | Page |
|---|---|---|
| ০১ | ভাষা ও বাংলা ভাষার রীতি ও বিভাজন | ০১-০৮ |
| ০২ | বাংলা ব্যাকরণ, ব্যাকরণের আলোচ্য বিষয় | ০৯-১৩ |
| ০৩ | বাগযন্ত্র | ১৩-১৫ |
| ৪ | ধ্বনি ও বর্ণ | ১৫-১৭ |
| ৫ | স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি | ১৭-২৭ |
| ৬ | শব্দ ও পদ | ২৭-২৮ |
| ৭ | শব্দের শ্রেণীবিভাগ | ২৮-৩৬ |
| ৮ | শব্দ দ্বিত্ব | ৩৬-৩৭ |
| ৯ | সংখ্যাবাচক শব্দ | ৩৮-৪০ |
| ১০ | বাক্যের শ্রেণিবিভাগ | ৪০-৪৭ |
| ১১ | বাক্য প্রকরণ | ৪৮-৪৯ |
| ১২ | সন্ধি | ৪৯-৫৪ |
| ১৩ | ধ্বনির পরিবর্তন | ৫৫-৬০ |
| ১৪ | বাংলা বানানের নিয়ম | ৬০-৬৭ |
| ১৫ | ণত্ব ও ষত্ব বিধান | ৬৭-৭১ |
| ১৬ | বাংলা উচ্চারণের নিয়ম | ৭২-৭৪ |
| ১৭ | প্রকৃতি ও প্রত্যয় | ৭৫-৮০ |
| ১৮ | সমাস | ৮১-৯৮ |
| ১৯ | কারক ও বিভক্তি | ৯৮-১০৯ |

| No. | ব্যাকরণ অংশ (২য় পত্র) | Page |
|---|---|---|
| ২০ | নরবাচক ও নারীবাচক শব্দ | ১০৯-১১৪ |
| ২১ | নির্দেশক | ১১৪-১১৫ |
| ২২ | বচন | ১১৬-১১৮ |
| ২৩ | উপসর্গ | ১১৮-১২৬ |
| ২৪ | অনুসর্গ | ১২৬-১২৮ |
| ২৫ | পদ/ব্যাকরণিক শব্দশ্রেণি | ১২৯-১৩৩ |
| ২৫ | ধাতু | ১৩৩-১৩৫ |
| ২৬ | অতিশায়ন | ১৩৬ |
| ২৭ | যোজক/অব্যয় | ১৩৬-১৩৮ |
| ২৮ | বাচ্য | ১৩৯-১৪২ |
| ২৯ | ক্রিয়ার কাল | ১৪২-১৪৭ |
| ৩০ | আবেগ , উক্তি | ১৪৭-১৪৯ |
| ৩১ | বাগর্থের শ্রেণি | ১৪৯-১৫০ |
| ৩২ | যতি বা ছেদচিহ্ন | ১৫০-১৫১ |
| ৩৩ | যুক্তবর্ণ | ১৫১-১৫৩ |
| ৩৪ | পরিভাষিক শব্দ | ১৫৩-১৬১ |
| ৩৫ | বাগধারা | ১৬১-১৬৯ |
| ৩৬ | সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ | ১৬৯-১৭৪ |
| ৩৭ | এক কথায় প্রকাশ বা বাক্য সংকোচন | ১৭৪-১৮০ |

## ভাষা

❖ বর্তমান পৃথিবীতে ভাষার সংখ্যা কত? উত্তর : প্রায় ৭১৬৮ টি।
(Source : https://www.ethnologue.com/guides/how-many-languages)

- ➢ ভাষার মূল উপাদান কী? উত্তর : ধ্বনি
- ➢ ভাষার ক্ষুদ্রতম উপাদান কী? উত্তর : ধ্বনি
- ➢ ভাষার মূল উপকরণ কী? উত্তর : বাক্য
- ➢ বাক্যের মূল একক কী? উত্তর : শব্দ
- ➢ শব্দের মূল একক কী? উত্তর : বর্ণ
- ➢ বাক্য গঠনের মূল উপাদান কী উত্তর : পদ *(রাবি খ-১ অ-বাণিজ্য ২০-২১)*

কোথায় কোথায় বাংলা ভাষায় কথা বলা হয়? উত্তর: পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা, বিহার, ঝাড়খন্ড, ওড়িশাসহ ভারতের অন্যান্য প্রদেশে প্রায় তিন কোটি মানুষ এবং পৃথিবীর বিভিন্নদেশে আরো প্রায় ১ কোটি মানুষ বাংলা ভাষায় কথা বলে।


অনেকেই ভাবতে পারেন যে ওড়িশা বানান টি ভুল লিখেছি, নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ি ওড়িশা বানানটি সঠিক।

## ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে কোন ভাষা কততম

| | | |
|---|---|---|
| 1 | English | ১৩৪৮ মিলিয়ন |
| 2 | Mandarin Chinese | ১১২০ মিলিয়ন |
| 3 | Hindi | ৬০০ মিলিয়ন |
| 4 | Spanish | ৫৪৩ মিলিয়ন |
| 5 | Standard Arabic | ২৭৪ মিলিয়ন |
| 6 | Bengali | ২৬৮ মিলিয়ন/২৬.৮ কোটি |
| 7 | French | ২৬৭ মিলিয়ন |
| 8 | Russian | ২৫৮ মিলিয়ন |

এই তথ্যগুলোর আপডেট দেখতে পারবেন নিচের লিংকে : https://www.ethnologue.com/guides/ethnologue200





**How many languages are there in the world?**

**7,168 languages are in use today.**

That number is constantly in flux, because we're learning mo
every day. And beyond that, the languages *themselves* are in
used by communities whose lives are shaped by our rapidly c
time: Roughly 40% of languages are now endangered, often w
remaining. Meanwhile, just 23 languages account for more th

**৩০. কোন ভাষা হতে বাংলা ভাষার জন্ম হয়?** *[ঢাবি গ ১৯৯৬-৯৭]*
ক. সংস্কৃত খ. পালি গ. প্রাকৃত ঘ. বঙ্গ-কামরূপি উত্তর: ঘ

**৩১. কোন বক্তব্যটি ঠিক?** *[ঢাবি ঘ ০৪-০৫]*
ক. সাধু ভাষায় কেবল তৎসম শব্দই ব্যবহৃত হয়।
খ. চলিত ভাষায় কোন তৎসম শব্দ ব্যবহৃত হয় না।
গ. যে কোনো ধরনের শব্দে সাধু ভাষা ও চলিত ভাষায় ব্যবহৃত হতে পারে।
ঘ. সাধু ভাষায় দেশি শব্দ ব্যবহৃত হয় না। উত্তর: গ

**৩২. বাংলা ভষার 'গুরুচণ্ডালী' মানে হলো-** *[ঢাবি গ ০৬-০৭]*
ক. উপমার ভুল প্রয়োগ খ. বাগধারার রদবদল
গ. প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহার ঘ. তৎসম শব্দের সাথে দেশি শব্দের প্রয়োগ উত্তর: ঘ

**৩৩. বাংলা ভাষা ও সাহিত্যের আধুনিক যুগ শুরু হয়েছে কত সাল থেকে?** *[ঢাবি গ ০৬-০৭]*
ক. ১৮০১ খ. ১৯০১ গ. ২০০১ ঘ. ১৯৫১ উত্তর: ক

**৩৪. বঙ্গ-কামরূপি থেকে সৃষ্ট একটি ভাষা বাংলা, অপর ভাষা কোনটি?** *[ঢাবি ঘ ১২-১৩]*
ক. অসমিয়া খ. উড়িয়া গ. হিন্দি ঘ. ব্রজবুলি উত্তর: ক

**৩৫. ভাষা হলো-** *[রাবি B ১৮-১৯]*
ক. উচ্চারণের প্রতিক খ. ভাব প্রকাশের মাধ্যম গ. কণ্ঠের উচ্চারণ ঘ. ধ্বনির সমষ্টি উত্তর: খ

**৩৬. বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন কে?** *[রাবি ০৫-০৬]*
ক. প্রমথনাথ বিশী খ. পাণিনি
গ. মোফাজ্জল হায়দার ঘ. ম্যানোএল দ্যা আসসুম্পসাউ উত্তর: ঘ

**৩৭. গুরুচণ্ডালী দোষদুষ্ট শব্দ কোনটি?** *[রাবি A ১৩-১৪]*
ক. শবপোড়া খ. কাজলকালো গ. মারামারি খ. রুমঝুম উত্তর: ক

**৩৮. ভাবের উৎসই হচ্ছে -** *[রাবি ০৩-০৪]*
ক. শব্দ খ. বর্ণ গ. কাল ঘ. ভাষা উত্তর: ঘ

**৩৯. বাংলা ভাষার প্রধান দুটি রূপ কী কী?** *[রাবি ০৪-০৫]*
ক. কথ্য ও লেখ্য খ. কথ্য ও আঞ্চলিক গ. আঞ্চলিক ও সর্বজনীন গ. লেখ্য ও আঞ্চলিক উত্তর: ক

| নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী বাংলা ভাষার দুটি রূপ/রীতি হচ্ছে- কথ্য ভাষা রীতি ও লেখ্য ভাষা রীতি। |
|---|

**৪০. মধ্যযুগের বাংলা ভাষার বিস্তৃতিকাল -** *[রাবি ০৪-০৫]*
ক. ৬৫০-১২০০ খ. ১২০১-১৮০০ গ. ১৪০১-১৬০০ ঘ. ১৬০১-১৮০০ উত্তর: খ

**৪১. ভাষার প্রধান উপাদান কী?** *[রাবি ০৯-১০]*
ক. শব্দ খ. ধাতু গ. বর্ণ ঘ. ধ্বনি উত্তর: ঘ

**৪২. ড.মুহম্মদ শহীদুল্লাহ মতে কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়?** *[রাবি ০৯-১০]*
ক. গৌড়ীয় প্রাকৃত খ. গৌড়ী সেন প্রাকৃত গ. মাগধী প্রাকৃত ঘ. গৌড়ী অপভ্রংশ উত্তর: ক

**৪৩. বাংলা ভাষা কোন ভাষা পরিবারের সদস্য?** *[রাবি খ ১১-১২]*
ক. বান্টু খ. ইন্দো-ইউরোপীয় গ. সেমেটিক -হেমেটিক ঘ. অস্টিক উত্তর: খ

**৪৪. কোনটি সাধু ভাষার অন্যতম বৈশিষ্ট্য -** *[রাবি A ১৩-১৪]*
ক. ক্রিয়াপদের রূপ পূর্ণাঙ্গ খ. বিশেষ্য ও বিশেষণের রূপ পূর্ণাঙ্গ
গ. অনুসর্গের রূপ সংক্ষিপ্ত ঘ. সর্বনামের রূপ সংক্ষিপ্ত উত্তর: ক

**৪৫. বাংলাদেশের সংবিদানে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করা হয়েছে -** *[ রাবি B ১৪-১৫]*
ক. প্রথম অনুচ্ছেদে খ. দ্বিতীয় অনুচ্ছেদে গ. তৃতীয় অনুচ্ছেদে ঘ. চতুর্থ অনুচ্ছেদে উত্তর: গ

**৪৬. কোন ভাষা নিজস্ব লিপি নেই?** *[রাবি B ১৪-১৫]*
ক. বাংলা খ. আরবি গ. ইংরেজি ঘ. চীনা উত্তর: ঘ

**৪৭. সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?** *[রাবি E ১৪-১৫]*
ক. বিদেশি খ. দেশি গ. তদ্ভব ঘ. তৎসম উত্তর: ঘ

**৪৮. সাধু ভাষা ও চলিত ভাষার মূল পার্থক্য -** *[রাবি ০৬-০৭;০৯-১০; জবি খ ০৫-০৬; ১০-১১; খুবি ১৫-১৬]*
ক. ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে খ. তৎসম শব্দের ব্যবহারের তারতম্যে
গ. বাক্যের গঠন রীতিতে ঘ. আধুনিক ও সেকেলে দৃষ্টিভঙ্গিতে উত্তর: ক

**৪৯. নিচের কোন ব্যক্তি চলিত ভাষার ক্ষেত্রে অনন্য অবদান রেখেছেন?** *[জবি ক ১৬-১৭]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. প্রমথ চৌধুরী ঘ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উত্তর: গ

**৫০. চলিত রীতির নিয়মে ব্যবহার যোগ্য শব্দ কোনটি?** *[জবি গ ০৫-০৬]*
ক. ব্যাঘ্র খ. পাওনা গ. প্রাপ্য ঘ. কূপ উত্তর: খ

**৫১. ভাষার মৌলিক অংশ কয়টি?** *[জবি ঘ ১০-১১; বেরোবি খ ১২-১৩; ইবি খ ০৭-০৮]*
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি উত্তর: গ

**৫২. শিষ্ট চলিত রূপ কোনটি?** *[জবি ঘ ১১-১২]*
ক. লবে খ. লহ গ. রুধিতে ঘ. যাকে উত্তর: ঘ

**৫৩. বাংলা গদ্যের প্রথমযুগে কোন রীতির প্রচলন ছিল?** *[জবি ক ১২-১৩]*
ক. মিশ্ররীতি খ. কথ্যরীতি গ. চলিতরীতি ঘ. সাধুরীতি উত্তর: ঘ

**৫৪. বাংলা ভাষার অন্তর্নিহিত শৃঙ্খলা হলো -** *[জবি A ১৪-১৫]*
ক. ধ্বনি,শব্দ, বাক্য, অর্থ, ব্যঞ্জনা খ. চলিত ভাষা
গ. ভাষার ব্যঞ্জনা ঘ. প্রমিত উচ্চারণ উত্তর: ক

**৫৫. লেখ্য ভাষার দুটি রূপের নাম কী?** *[জাবি ১১-১২]*
ক. সাধু ও চলিত খ. আঞ্চলিক ও সর্বজনীন গ. সাধু ও আনঞ্চলিক ঘ. লেখ্য ও কথ্য উত্তর: ক

> নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী লেখ্য ভাষা রীতির ৩ ধরণের। যথা- প্রমিত রীতি, সাধু রীতি, কাব্য রীতি।

**৫৬. সাধু ও চলিত রূপের মধ্যে তুলনামূলক গবেষণা কে করেন?** *[জাবি ১১-১২]*
ক. উইলিয়াম কেরি খ. রাজা রামমোহন রায় গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. প্রমথ চৌধুরী উত্তর: ঘ

**৫৭. বাংলা লেখ্য ভাষার রূপ কয়টি?** *[জাবি গ ১১-১২]*
ক. তিনটি খ. চারটি গ. দুইটি ঘ. সাতটি উত্তর: ক

> নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী লেখ্য ভাষা রীতির ৩ টি। পূর্বেও ব্যাকরণ অনুযায়ি -২ টি ছিল যা এখন আর সঠিক নয়।

**৫৮. ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে পৃথিবিতে বাংলা ভাষার স্থান কত?** *[জাবি A ১৬-১৭]*
ক. পঞ্চম খ. চতুর্থ গ. নবম ঘ. সপ্তম উত্তর:

> নতুন বাংলা ব্যাকরণ ও ethnologue.com অনুযায়ী বর্তমানে বাংলা ভাষার স্থান ষষ্ঠ যা অফশনে নেই।

**৫৯. কোনটি চলিত ভাষার নিজস্ব বিশেষ বৈশিষ্ট্য?** *[জাবি A ১৬-১৭]*
ক. তৎসম শব্দের বহুলতা খ. তদ্ভব শব্দের বহুলতা গ. প্রাচীনতা ঘ. অমার্জিততা উত্তর: খ

**৬০. প্রথম বাংলা হরফ কে তৈরি করেন?** *[চবি E ১৫-১৬; খ ১৩-১৪]*
ক. প্রসন্ন কর্মকার খ. পঞ্চানন কর্মকার গ. মনোহর কর্মকার ঘ. মোহিতলাল কর্মকার উত্তর: খ

**‘প্রবাদ প্রবচণ, উক্তি এবং বাচ্য’ কেন বাক্যতত্ত্বের আলোচ্য বিষয় :** সকল প্রবাদ ই হচ্ছে বাক্য। তাই ‘প্রবাদ’ বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়। যেকোনো উক্তি কিংবা বাচ্যের উদাহরণ কিংবা পরিবর্তন করতে গেলে বাক্যের প্রয়োজন। তাই ‘উক্তি এবং বাচ্য’ বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।

**‘কারক’ কেন বাক্যতত্ত্বের আলোচ্য বিষয় :** কারক হচ্ছে ক্রিয়াপদের সাথে নামপদের সম্পর্ক। আবার নামপদ হচ্ছে বিশেষ্য এবং সর্বনাম। তাহলে কারক হচ্ছে ক্রিয়াপদের সাথে বিশেষ্য/সর্বনামের সম্পর্ক। তাহলে ক্রিয়াপদ + বিশেষ্য/সর্বনাম মিলে হয় একটি বাক্য। তাই ‘কারক’ বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।

**‘যতিচিহ্ন বা বিরামচিহ্ন’ কেন বাক্যতত্ত্বের আলোচ্য বিষয় :** বাক্যের মধ্যেই যতিচিহ্ন বা বিরামচিহ্ন ব্যবহৃত হয়, তাই যতিচিহ্ন বা বিরামচিহ্ন বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।

**‘পদ’ কেন শব্দতত্ত্ব এবং বাক্যতত্ত্ব উভয়তত্ত্বেই আলোচিত হয় :** যখন কোনো শব্দ বাক্যে ব্যবহৃত হয় তখন সেই শব্দ ‘পদ’ নামে পরিচিত হয়। অর্থাৎ পদ এবং শব্দ একই জিনিস শুধু কোনো শব্দ বাক্যে ব্যবহৃত হলে তার নাম হয় ‘পদ’। একারণে ‘পদ’ একই সাথে শব্দতত্ত্ব এবং বাক্যতত্ত্ব উভয়তত্ত্বেই আলোচিত হয়।

**‘বাগধারা’ কেন অর্থতত্ত্বের আলোচ্য বিষয় :** প্রথমত ‘বাগধারা’ কোনো বাক্য নয়। তাই বাগধারা বাক্যতত্ত্বের আলোচ্য বিষয় হতে পারে না। আমরা সাধারণত বাগধারার অর্থ পড়ি বা বুঝতে চেষ্টা করি তা বাক্যে ব্যবহার করার জন্য। তাই ‘বাগধারা’ অর্থতত্ত্বের আলোচ্য বিষয়।

**অর্থতত্ত্বের আলোচ্য বিষয় (বাগর্থতত্ত্ব)** : শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার, অর্থের বিভিন্ন প্রকারভেদ। যেমন- মূখ্যার্থ, গৌণার্থ, বিপরীতার্থ, **শব্দের ব্যঞ্জনা, বর্গের ব্যঞ্জনা, বাক্যের ব্যঞ্জনা, বাক্যের অর্থ, বিপরীত শব্দ, প্রতিশব্দ বা সমার্থক শব্দ, শব্দার্থ, শব্দজোড়, বাগধারা ইত্যাদি।**











**নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি বই এর সমাধান (পৃষ্ঠা নং ৪)**

**০১. ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করে-**
ক. বাক্যতত্ত্ব খ. ব্যাকরণ গ. অর্থতত্ত্ব ঘ. রূপতত্ত্ব উত্তর: খ


**০২. বাংলা ব্যাকরণ প্রথম প্রকাশিত হয় কত খ্রিস্টাব্দে?**
ক. ১৫৫৩ খ. ১৭৪৩ গ. ১৭৭৮ ঘ. ১৯৪৮ উত্তর: খ

**০৩. ইংরেজি ভাষায় লেখা প্রথম বাংলা ব্যাকরণের রচযয়িতা কে?**
ক. উইলিয়াম কেরি খ. রামমোহন রায়
গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. নাথানিয়েল ব্রাসি হ্যালহেড উত্তর: ঘ

**০৪. গৌড়ীয় ব্যাকরণ’-এর রচয়িতা কে?**
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়




| | | |
|---|---|---|
| ১ | – | ঠোঁট ( ওষ্ঠ ও অধর) |
| ২ | – | দাঁতের পাটি |
| ৩ | – | দন্তমূল, অগ্র দন্তমূল |
| ৪ | – | অগ্রতালু, শক্ত তালু |
| ৫ | – | পশ্চাত্তালু, নরম তালু, মূর্ধা |
| ৬ | – | আলজিভ |
| ৭ | – | জিহবাগ্র |
| ৮ | – | সম্মুখ জিহবা |
| ৯ | – | পশ্চাদজিহবা, জিহবামূল |
| ১০ | – | নাসা–গহ্বর |
| ১১ | – | স্বর–পল্লব, স্বরতন্ত্রী |
| ১২ | - | ফুসফুস |





**ফুসফুস :** ফুসফুস হলো ধ্বনি সৃষ্টিকারি বায়ুপ্রবাহের উৎস। ফুসফুস যদিও নিজে কোনো ধ্বনি উচ্চারণ করে না, তবু ধ্বনি সৃষ্টিতে ফুসফুসের ভূমিকা অপরিহার্য। মূলত শ্বাস ত্যাগের মাধ্যমে ধ্বনি উৎপন্ন হয়।

- **শ্বাসনালি :** ফুসফুস থেকে বাতাস শ্বাসনালি হয়ে মুখবিবর ও নাসারন্ধ্র দিয়ে বের হয়ে আসে।
- **স্বরযন্ত্র :** শ্বাসনালির উপরের অংশে স্বরযন্ত্রের অবস্থান। এটি দেখতে অনেকটা নলের মতো। এর অবস্থান মেরুদণ্ডের ৪, ৫ ও ৬ নং অস্থির পাশে। অধিজিহ্বা, স্বররন্ধ্র, ধ্বনিদ্বার ইত্যাদি স্বরযন্ত্রের অংশ।
- **জিভ :** জিভের অবস্থান মুখগহ্বরের নিচের অংশে। এটি সবচেয়ে সচল ও সক্রিয় প্রত্যঙ্গ।
- **আলজিভ :** মুখগহ্বরের কোমল তালুর পিছনে ঝুলন্ত মাংসপিণ্ডের নাম আলজিভ। এটি নাসিক্য ধ্বনি তৈরি হতে সাহায্য করে। পাশের ছবিটি দেখে আমরা আলজিভ শনাক্ত করতে সক্ষম হব।



- **তালু :** মুখবিবরের ছাদকে বলা হয় তালু। তালুর দুটি অংশ - কোমল তালু ও শক্ত তালু। অনুনাসিক স্বরধ্বনি উচ্চারণে কোমল তালু নিচে নামে। কোমল তালু ও জিভমূলের স্পর্শে কণ্ঠধ্বনি উচ্চারিত হয়। দন্তমূলের শুরু থেকে কোমল তালু পর্যন্ত বিস্তৃত অংশকে বলা হয় শক্তুতালু। পাশের ছবিটি দেখে আমরা তালু শনাক্ত করতে সক্ষম হব।



- **মূর্ধা :** শক্ত তালু ও উপরের পাটির দাঁতের মধ্যবর্তী উত্তল অংশকে মূর্ধা বলে।
- **দন্তমূল ও দন্ত :** দাঁতের গোড়ার নাম দন্তমূল।
- **ওষ্ঠ :** বাকপ্রত্যঙ্গের সবচেয়ে বাইরের অংশের নাম ওষ্ঠ বা ঠোঁট। ওষ্ঠের মধ্যকার ফাকের কম-বেশির ভিত্তিতে স্বরধ্বনিকে সংবৃত ও বিবৃত এই দুই ভাগে ভাগ করা হয়। এছাড়া ব্যঞ্জনধ্বনি উচ্চারণ করতে ওষ্ঠ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- **নাসিক্য :** মুখগহ্বরের পাশাপাশি নাসিকা বা নাকের ছিদ্র দিয়ে বাতাস বের হয়েও ধ্বনি উৎপন্ন হয়।

## নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি বই এর সমাধান (পৃষ্ঠা নং ১১)

**০১. কোনটি বাগযন্ত্র?**

ক. পাকস্থলী   খ. ফুসফুস   গ. পিত্তকোষ   ঘ. যকৃৎ   উত্তর: খ

## অব্যয়ীভাব সমাস

নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ি অব্যয়ীভাব সমাস নামে কোনো সমাসের প্রকারভেদ না থাকলেও অব্যয়ীভাব সমাস আলাদা করে আমাদের পড়তে হবে।

❖ সমস্ত পদে অব্যয় (উপসর্গ) থাকলে তা অব্যয়ীভাব সমাস।

❖ অব্যয়ীভাব সমাসের সমস্তপদে অব্যয় থাকে কিন্তু ব্যাসবাক্যে অব্যয় থাকে না।

যেমন- কণ্ঠের সমীপে = উপকণ্ঠ, ক্ষণে ক্ষণে = প্রতিক্ষণে, জলের অভাব = নির্জল, পা থেকে মাথা পর্যন্ত = আপদমস্তক।

## সমাস নিয়ে যত কনফিউশন

## উপমান কর্মধারয় সমাস vs উপমিত কর্মধারয় সমাস vs রূপক কর্মধারয় সমাস

| উপমান কর্মধারয় সমাস | উপমিত কর্মধারয় সমাস | রূপক কর্মধারয় সমাস |
|---|---|---|
| **যা হওয়া বাস্তবে সম্ভব** | **যা হওয়া বাস্তবে অসম্ভব** | **অসম্ভব + পূর্বপদ অদৃশ্য** |
| তুষারের ন্যায় শুভ্র = তুষারশুভ্র | মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র | মন রূপ মাঝি = মনমাঝি |
| অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা | পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ | বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু |
| বকের ন্যায় ধার্মিক = বকধার্মিক | চাঁদ মুখের ন্যায় = চাঁদমুখ | জীবন রূপ প্রদীপ = জীবনপ্রদীপ |
| কাজলের ন্যায় কালো = কাজলকালো | ফুল কুমারীর ন্যায় = ফুলকুমারী | ক্রোধ রূপ অনল = ক্রোধানল |
| ভ্রমরের ন্যায় কৃষ্ণ = ভ্রমরকৃষ্ণ | বাহু লতার ন্যায় = বাহুলতা | প্রাণ রূপ পাখি = প্রাণপাখি |
| গজের ন্যায় মূর্খ = গজমূর্খ | চরণ পদ্মের ন্যায় = চরণপদ্ম | সুখ রূপ সাগর = সুখসাগর |
| তুষার সাদা হওয়া সম্ভব, অরুণ (সূর্য) সন্ধ্যায় রঙিন হওয়া সম্ভব, ধার্মিক বক (ভণ্ড) হওয়া সম্ভব। | মুখ যতই সুন্দর হোক তা কখনো চাঁদ হয়ে যাবে না। পুরুষ যতই শক্তিশালী হোক না কেন তা কখনো সিংহ হয়ে যাবে না, কুমারী মেয়ে যতই সুন্দর হোক না কেন তা ফুল হয়ে যাবে না | মন কখনো মাঝি হতে পারে না অন্যদিকে মন - অদৃশ্য। যতই কান্না করি না কেন, কান্না সিন্ধু হতে পারবে না অন্যদিকে বিষাদ - অদৃশ্য। জীবন কখনো প্রদীপ হতে পারবে না অন্যদিকে জীবন - অদৃশ্য |

## অলুক দ্বন্দ্ব vs অলুক তৎপুরুষ vs অলুক বহুব্রীহি

মনে রাখবেন, যেকোনো ধরনের অলুক সমাসেই ব্যাসবাক্যের বিভক্তি সমস্তপদে এসে লোপ পায় না। অর্থাৎ অলুক দ্বন্দ্ব, অলুক তৎপুরুষ, অলুক বহুব্রীহি কোনো সমাসেই বিভক্তি লোপ পায় না। তাহলে পার্থক্য করব কীভাবে? মনে রাখবেন, অলুক দ্বন্দ্ব সমাসের পূর্বপদ ও পরপদে একই বিভক্তি থাকবে এবং অলুক তৎপুরুষ সমাসে পূর্বপদে বিভক্তি থাকবে কিন্তু পরপদে বিভক্তি থাকবে না। আবার অলুক বহুব্রীহি সমাসে ব্যাসবাক্যে 'যার' থাকবে।

| অলুক দ্বন্দ্ব | অলুক তৎপুরুষ | অলুক বহুব্রীহি |
|---|---|---|
| *** উভয়পদে একই বিভক্তি থাকবে** | *** পূর্বপদে বিভক্তি থাকবে কিন্তু পরপদে বিভক্তি থাকবে না।** | *** ব্যাসবাক্যে 'যার' থাকবে** |
| দেশে ও বিদেশে = দেশে-বিদেশে | তেলে ভাজা | মাথায় পাগড়ি যার = মাথায় পাগড়ি |
| মায়ে ও ঝিয়ে = মায়ে-ঝিয়ে | হাতে কাটা | গলায় গামছা যার = গলায় গামছা |
| জলে ও স্থলে = জলে-স্থলে | মনে রাখা | মুখে ভাত যার = মুখে-ভাত |
| পথে ও প্রান্তরে = পথে প্রান্তরে | মামার বাড়ি | মাথায় ছাতা যার = মাথায়-ছাতা |

| | | |
|---|---|---|
| হাতে ও কলমে = হাতে-কলমে | ঘোড়ার ডিম | হাতে ছড়ি যার = হাতে-ছড়ি |
| হাতে ও পায়ে = হাতে-পায়ে | মাটির মানুষ | কানে কলম যার = কানে-কলম |
| দুধে ও ভাতে = দুধে-ভাতে | হাতের পাঁচ | গায়ে পড়া স্বভাব যার = গাড়ে-পড়া |
| হাতে ও কলমে = হাতে-কলমে | সাপের পা | হাতে বেড়ি যার = হাতে-বেড়ি |
| ঘরে ও বাইরে = ঘরে-বাইরে | মনের মানুষ | কানে খাটো যার = কানে-খাটো |
| | কলের গান | |
| | তাঁতে বোনা | |
| | * ভ্রাতার পুত্র = ভ্রাতুষ্পুত্র | |

## নঞ তৎপুরুষ vs নঞ বহুব্রীহি vs অব্যয়ীভাব সমাস

| নঞ তৎপুরুষ | নঞ বহুব্রীহি | অব্যয়ীভাব সমাস |
|---|---|---|
| **নঞ তৎপুরুষ সাধারণত ব্যক্তিবাচক হয় না** | **নঞ বহুব্রীহি সাধারণত ব্যক্তিবাচক হয়** | |
| নয় বিশ্বাস = অবিশ্বাস্য | নেই বুঝ যার = অবুঝ | আমিষের অভাব = নিরামিষ |
| ন ধর্ম = অধর্ম | নেই হায়া যার = বেহায়া | ভাবনার অভাব = নির্ভাবনা |
| ন সত্য = অসত্য | বে (নাই) হেড যার = বেহেড | জলের অভাব = নির্জল |
| নয় অর্থক = নিরর্থক | নি (নাই) ভুল যার = নির্ভুল | উৎসাহের অভাব = নিরুৎসাহ |
| নেই ঐক্য = অনৈক্য | নেই হক যার = নাহক | পশ্চাৎ গমন = অনুগমন |
| নয় মঞ্জুর = নামঞ্জুর | নেই পয় যার = অপয়া | পশ্চাৎ ধাবন = অনুধাবন |
| নয় সুখ = অসুখ | না (নাই) চারা (উপায়) যার = নাচার | ঈষৎ নত = আনত |
| নয় পর্যাপ্ত = অপর্যাপ্ত | নেই তার যার = বেতার | ঈষৎ রক্তিম = আরক্তিম |
| ন ইষ্ট = অনিষ্ট | নেই ঝঞ্ঝাট যার = নির্ঝঞ্ঝাট | শ্রীর অভাব = বিশ্রী |
| নয় সরকারি = বে-সরকারি | নেই পরোয়া যার = বে-পরোয়া | মিলের অভাব = গরমিল |
| ন এক = অনেক | না (নয়) জানা যা = নাজানা/অজানা | ভিক্ষার অভাব = দুর্ভিক্ষ |
| নয় স্থির = অস্থির | নেই উপায় যার = নিরুপায় | ভাতের অভাব = হাভাত |
| নয় কাতর = অকাতর | নয় কাজের যা = অকেজো | নুনের অভাব = আলুনি |
| ন অর্থ = অনর্থ | | |
| নয় ক্ষত = অক্ষত | | |
| ন ঘাট = অঘাট | | |
| নয় অতি বৃহৎ = অনতিবৃহৎ | | |
| নয় আসক্ত = অনাসক্ত | | |
| নেই ঐক্য = অনৈক্য | | |
| নেই আচার = অনাচার | | |
| নয় অতি দীর্ঘ = নাতিদীর্ঘ | | |
| ন উচিত = অনুচিত | | |
| ন অশন = অনশন | | |
| ন সুর = অসুর | | |
| ন কাল = অকাল | | |

- সম্পর্কে স্বামী-স্ত্রী বোঝালে পত্নীবাচক হয়। যেমন- পিতা-মাতা, কাকা-কাকী, চাচা-চাচি, দাদা-দাদি, জেঠা-জেঠি, নন্দাই-ননদ, দেওর-জা, ভাই-ভাবি, জেলে-জেলেনি, গুরু-গুরুপত্নী ইত্যাদি।
- সম্পর্কে স্বামী-স্ত্রী না বোঝালে অপত্নীবাচক হয়। যেমন- খোকা-খুকি, বামন-বামনি, বালক-বালিকা, দেওর-ননদ, ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, নেতা-নেত্রী, পাগল - পাগলি ইত্যাদি।
- এছাড়াও কিছু গুরুত্বপূর্ণ নরবাচক ও নারীবাচক শব্দের উদাহরণ নিচে দেওয়া হলো-

| নরবাচক | নারীবাচক | নরবাচক | নারীবাচক |
|---|---|---|---|
| লোক | স্ত্রী-লোক | মান্দা বিড়াল | মাদি বিড়াল |
| শ্রমিক | নারী-শ্রমিক | ভাইপো | ভাইঝি |
| ছেলে | ছেলে বউ | ছেলে | মেয়ে |
| বাদশা | বেগম | | |

- **নিত্য নারীবাচক শব্দ** : নিত্য নারীবাচক শব্দ মনে রাখার একটি ছন্দ নিচে দেখে নেই।

সধবা হউক আর বিধবা হউক স্বপত্নী হওয়া সত্ত্বেও সতীনেরা একে অন্যকে শাঁকচুন্নি, ডাইনি, বাইজি, কলঙ্কিনী ও কুলটা বলে গালি দেয়। এদিকে অসর্ম্পস্যা শাঁখিনী অন্তঃস্বত্তা তাই সৎমা এয়ো দাই খুঁজতে গেলো। শাঁখিনীর মা বলল, "সুজলা সুফলা রুপসী বাংলার ললনারা অবক্ষনীয়া।" তাই খাটি অর্ধাঙ্গিনী পেয়ে ললনাদের সুরক্ষা করা উচিত।

**নিত্য নারীবাচক শব্দ :** সধবা, বিধবা, স্বপত্নী, সতীন, ডাইনি, বাইজি, কলঙ্কিনী, শাঁকচুন্নি, কুলটা, অসর্ম্পস্যা, শাঁখিনী, অন্তঃস্বত্তা, সৎমা, এয়ো, দাই, সুজলা, সুফলা, রুপসী, ললনা, অবক্ষনীয়া, অর্ধাঙ্গিনী

- **গুরুত্বপূর্ণ নিত্য নারীবাচক শব্দ** : অর্ধাঙ্গিনী, সতীন, সৎমা, এঁয়ো, দাই, সধবা ইত্যাদি।
- **গুরুত্বপূর্ণ নিত্য নরবাচক শব্দ** : রাষ্ট্রপতি, কাজী, কুস্তিগীর, কবিরাজ, পুরোহিত, জামাতা, কৃতদার, অকৃতদার, যোদ্ধা, ঢাকী, বিচারপতি, সেনাপতি।
- কতগুলো নরবাচক শব্দের ২ টি করে নারীবাচক শব্দ রয়েছে। যেমন- দেবর - ননদ আবার দেবর-জা। ভাই - বোন; আবার ভাই - ভাবী। শিক্ষক - শিক্ষিকা/শিক্ষয়িত্রী; আবার শিক্ষক - শিক্ষকপত্নী। বন্ধু - বান্ধবী; আবার বন্ধু - বন্ধুপত্নী। দাদা - দিদি; আবার দাদা - বৌদি।
- কতগুলো শব্দে পুরুষ ও স্ত্রী দুই-ই বোঝায়। যেমন- জন, পাখি, শিশু, সন্তান, শিক্ষিত, গুরু ইত্যাদি।

**নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি বই এর সমাধান (পৃষ্ঠা নং ৪৭)**

**০১. বিশেষ্য ও বিশেষণের নারী ও নরভেদের নাম কী?**
ক) বচন খ) নির্দেশক গ) বলক ঘ) লিঙ্গ উত্তর: ঘ

**০২. নিচের কোন শব্দটি উভলিঙ্গ প্রকাশক?**
ক) সন্তান খ) ভেড়ি গ) ছাত্র ঘ) ঘর উত্তর: ক

**০৩. ক্লীব লিঙ্গ' শব্দ কোনটি?**
ক) গাড়ি খ) মন্ত্রী গ) মানুষ ঘ) পাখি উত্তর: ক

## বাচ্য

- বাক্যের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে।
- বাচ্য ৪ প্রকার। যথা- ১. কর্তৃবাচ্য ২. কর্মবাচ্য ৩. কর্মকর্তৃবাচ্য ৪. ভাববাচ্য।
- **কর্তৃবাচ্য** - কর্তৃবাচ্যের গঠনপ্রণালী 'কর্তা + কর্ম + ক্রিয়া' এরকম হয়ে থাকে যেমন-
  - আমি ভাত খাই।
  - নাহিদ হাসান 'বাংলা ম্যাজিক' রচনা করেছেন।
  - শরতে শিউলি ফোটে। (অজীব বিশেষ্যও কর্তার ভুমিকা পালন করতে পারে)
- **কর্মবাচ্য** - কর্মবাচ্যেও গঠনপ্রণালী 'কর্তা + বিভক্তি + কর্ম + ক্রিয়া' এরকম হয়ে থাকে যেমন-
  - আমার দ্বারা ভাত খাওয়া হয়।
  - র‍্যাব কর্তৃক চোরকে ধৃত হয়েছে। তবে অনেক সময় বিভক্তি উহ্য থেকেও কর্মবাচ্য হতে পারে। যেমন-
  - বইটি পড়া হয়েছে। (এখানে 'বইটি আমার দ্বারা পড়া হয়েছে' বাক্যটি থেকে 'আমার দ্বারা' উহ্য রাখা হয়েছে)

## কর্মকর্তৃবাচ্য এবং ভাববাচ্য

- মনে রাখবেন, কর্মকর্তৃবাচ্যে - কর্ম আছে, কর্তা নাই।
- ভাববাচ্যে - কর্তা আছে কর্ম নাই। যেমন-
  - বাঁশি বাজে - কর্মকর্তৃবাচ্য (কর্তা নাই)
  - ভাত খাই - কর্মকর্তৃবাচ্য (কর্তা নাই)
  - সে গায় - ভাববাচ্য (কর্ম নাই)
  - গান গায় - কর্মকর্তৃবাচ্য (কর্তা নাই)

## নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি বই এর সমাধান (পৃষ্ঠা নং ১০০)

**০১. বাচ্য বলতে বোঝায় -**

ক. বাক্যের অর্থ খ. বাক্যের প্রকাশভঙ্গি গ. বাক্যের ভাব ঘ. বাক্যের প্রয়োগ উত্তর: খ

**০২. বাক্যের মধ্যে কিসের ভূমিকা বদলে গিয়ে একই বাক্যের প্রকাশভঙ্গি আলাদা হয়?**

ক. যোজক খ. অনুসর্গ গ. আবেগ ঘ. ক্রিয়া উত্তর: ঘ

**০৩. বাচ্য কত প্রকার?**

ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ উত্তর: খ/গ

> বাংলা ব্যাকরণ অনুযায়ী বাচ্য ৩ প্রকার। তবে সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী বাচ্য ৪ প্রকার।

**০৪. কর্তৃবাচ্যের বাক্যকে ভাববাচ্যে রূপান্তরিত করতে হলে কোন পদকে নিয়ন্ত্রণ করতে হয়?**

ক. বিশেষ্য খ. বিশেষণ গ. ক্রিয়া ঘ. ক্রিয়া-বিশেষ্য উত্তর: ঘ

**০৫. আমাদের কঠোর পরিশ্রম করতে হয় কর্মবাচ্যের এই বাক্যটি কর্তাবাচ্যে কী হবে?**

ক. আমরা কঠোর পরিশ্রম করি খ. আমার দ্বারা কঠোর পরিশ্রম হয়
গ. আমাদের কঠোর পরিশ্রম করা লাগে ঘ. কঠোর পরিশ্রম আমাদের কাজ। উত্তর: ক

## বিগত বছরের প্রশ্নবালী

**০১. 'সে যেন রাজশাহীতে আসে'-এটি কোন বাক্য?** *[RU C unit (Non-Science) Group-1; 2021-22]*

ক কর্মবাচ্য খ ভাববাচ্য গ কর্তৃবাচ্য ঘ কর্মকর্তৃবাচ্য উত্তর: গ

**০২. কোনটি ভাবাচ্যের উদাহরণ?** *(গুচ্ছ খ ২০-২১)*

ক. বসন্তে কোকিল ডাকে। খ. এখন যাওয়া যায়।